

# 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৭০

8. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫) লুঙ্গি ছাড়া পুরুষদের এবং নেফাসযুক্ত বা রুগ্ন মহিলা ব্যতীত অন্যান্য মহিলাদের লুঙ্গিসহ গণগোসলখানায় প্রবেশের ব্যাপারে ভীতি প্রদর্শন। এক্ষেত্রে যে নিষেধাজ্ঞা এসেছে তার বর্ণনা

الترهيب من دخول الرجال الحمام بغير أزر ومن دخول النساء بأزر وغيرها إلا نفساء أو مريضة وما جاء في النهي عن ذلك

#### আরবী

(صحيح) و عَنْ أَبِي الْمَلِيحِ الْهُذَلِيِّ أَنَّ نِسَاءً مِنْ أَهْلِ حِمْصَ أَوْ مِنْ أَهْلِ الشَّامِ دَخَلْنَ عَلَيْ عَائِشَةَ فَقَالَتْ أَنْتُنَّ اللَّاتِي يَدْخُلْنَ نِسَاؤُكُنَّ الْحَمَّامَاتِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَا مِنْ امْرَأَةٍ تَضَعُ ثِيَابَهَا فِي غَيْرِ بَيْتِ زَوْجِهَا إِلَّا هَتَكَتْ السِّتْرَ بَيْنَهَا وَبَيْنَ رَبِّهَا

. رواه الترمذي واللفظ له وقال حديث حسن وأبو داود وابن ماجه والحاكم

#### বাংলা

১৭০. (সহীহ) আবু মুলায়হ আল হুযালী[1] (রহ.) থেকে বর্ণিত। তিনি বলেন, হিমস্ অথবা শামের কয়েকজন মহিলা হযরত আয়েশা (রাঃ) এর নিকট এলেন। তিনি তাদেরকে বললেনঃ তোমরা সেই জাতি, যাদের মহিলাগণ গোসলখানা সমূহে প্রবেশ করে?! আমি শুনেছি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

''যে নারী তার স্বামীর গৃহ ব্যতীত অন্যের গৃহে স্বীয় পোষাক খুলবে, সে তার এবং তার প্রভূর মাঝে পর্দা ধ্বংস করে দিবে।''

(হাদীছটি বর্ণনা করেছেন তিরমিযি ২৮০৩, আবু দাউদ ৪০১০, ইবনু মাজাহ্ ৩৭৫০ ও হাকেম ৪/২৮৯। হাদীছের বাক্য তিরমিয়ীর, তিনি বলেন হাদীছটি হাসান। হাকেম বলেন, বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী হাদীছটি সহীহ)

### ফুটনোট

[1] , তিনি তাবেঈ ছিলেন। তাঁর মৃত্যু ৯৮ হিজরিতে।



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ মালীহ্ আল হুযালী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন